

উর্জা-আয়নির্ভরশীল গ্রামীণ ভারত

ভারতের বিভিন্ন প্রান্তে এখনও অনেক গ্রাম আছে যেখানে বিদ্যুতশক্তি পৌঁছায়নি। ঐসব গ্রামকে বৈকল্পিক শক্তির মাইক্রোগ্রীড দ্বারা আলোকিত করার উদ্দেশ্য নিয়ে ২০০৮ সালে "গ্রামউর্জা" (Gram Oorja) এর স্থাপনা হয়।

এই প্রতিষ্ঠান ভারতের বিভিন্ন প্রান্তে অভিযান চালিয়ে গ্রামবাসীদের চিন্তাধারাও সমস্যা বুঝতে সক্ষম হয়েছে। সেই অভিযানের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আমরা ভারতের বিভিন্ন গ্রামে পদক্ষেপ নিয়েছি।

পুনে জেলার দারেবারী (Darewadi) গ্রামের বিদ্যুৎ শক্তির সমস্যা বুঝতে পেরে সেখানে সোলার মাইক্রোগ্রীড লাজানো হয়েছে। সেই সৌরশক্তি প্রকল্পের অধিনে সমস্ত গ্রামবাসীর জীবনে অলো ভরে গেছে। গ্রামবাসীরা তাদের ঘরে বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি, যেরকম টেলিভিষন, রেডিও, কম্পিউটার চালাতে সক্ষম হয়েছে এবং তার ফলে তাদের শিক্ষাব্যবস্থার উন্নতি হয়েছে। সেই রকম ভাবেই আমরা কর্ণাটকের বিরাল (Viral) নামক গ্রামে, মধ্যপ্রদেশ এবং উত্তরপ্রদেশের বিভিন্ন গ্রামে গ্রামউর্জা দ্বারা সৌরশক্তিকে কাজে লাগিয়ে বিভিন্ন প্রকল্প চালু করেছি।

আমরা সৌরপাম্পের সহায়তায় সেচব্যবস্থা এবং পানীয় জলের সুব্যবস্থার কাজ শুরু করেছি। মহারাষ্ট্রের থানে জেলার জওহর তালুকাতে বিভিন্ন গ্রামে সৌরপাম্পের স্থাপনা করা হয়েছে। সেখানের গ্রামবাসীদের ২-৩ কিলোমিটার হেঁটে পানীয় জল আনতে যেতে হত। শুধু জল আনতেই তাদের সমস্ত শক্তি নিঃশেষ হয়ে যেত। গ্রামউর্জা একটি সামাজিক সংস্থা "প্রগতি প্রতিষ্ঠান" এর সহায়গীতায় গ্রামে সৌরপাম্প পৌঁছে দিয়েছে এবং অন্য গ্রামে প্রতিষ্ঠার কাজ করছে। ব্যায়োগ্যাস (গোবরগ্যাস) এখন এলপিগী এর পরিবর্তনে ব্যবহার করতে পারা যায়। আমাদের সংগঠন মহারাষ্ট্রের এবং মধ্যপ্রদেশের বিভিন্ন গ্রাম এবং গোশালায় পর্যবেক্ষন করেছে। জিআইজেড (GIZ) এক জার্মান সংস্থা গোবরগ্যাস প্রকল্প চালু করেছে কোলবান (Kolvan) গ্রাম, পুনেতে। আমরা তাদের সহায়তায় ঘরে ঘরে, বিভিন্ন হোটলে, স্কুলে- কলেজে গোবর গ্যাস পৌঁছে দিয়েছি। সেই গোবর গ্যাস দ্বারা চারশত থেকে বেশী ছাত্রছাত্রীর মিড-ডে মিল প্রকল্প সুন্দরভাবে চলছে। আমরা কমদামে প্রাকৃতিক সম্পদের ব্যবহার করতে পারছি এল,পি,জির পরিবর্তে ব্যায়োগ্যাস ব্যবহার করে।

এই সব কিছুর মাধ্যমে গ্রামউর্জা এখন উর্জা আত্মনির্ভরশীল গ্রামীন ভারতের কল্পনা করছে। এই সবই সম্ভব সকলের মিলিত প্রয়াসে এবং গ্রাম বাসীদের সহযোগিতায়।

বিষদ বিবরণের জন্য যোগাযোগ করুন:-

গ্রাম উর্জা সলুসানস্ প্রাইভেট লিমিটেদ

পুনে,মহারাষ্ট্র

ফোন - +৯১ ২০ ৬৪০০ ১৪০২